ভোরের কাগজ

1 6 2002

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

# কুয়েত মৈত্রী হলের ছাত্রীদের আন্দোলন অব্যাহত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** রাত ৯টার মধ্যে হলে ফেরার নির্দেশের প্রতিবাদে এবং সাধারণ ছাত্রছাত্রীদের ব্যক্তি স্বাধীনতায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অযাচিত হস্তক্ষেপের বিরুদ্ধে কুয়েত মৈত্রী হলের ছাত্রীদের আন্দোলন অব্যাহত রয়েছে। ছাত্রীরা গত রাতে কর্তৃপক্ষকে তাদের সিদ্ধান্ত বাতিলের আহ্বান জানিয়ে হলের মধ্যে মিছিল করেছে।

হল কর্তৃপক্ষ ছাত্রীদের রাত ৯টার মধ্যে হলে ফেরার নির্দেশ ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## কুয়েত মৈত্রী হলের

● শেষের পাতার পর

দিলে, তারা তৎক্ষণাৎ এর প্রতিবাদ করে এবং গত শনিবার থেকে আন্দোলন শুরু করে। এ নিয়ে হল কর্তৃপক্ষ এবং ছাত্রীদের কাছ থেকে পরস্পর বিরোধী বক্তব্য পাওয়া গেছে। হল প্রভোস্ট মিসেস তাহমিনা আখতার ছাত্রীদের এই অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেছেন, যাদের কোনো কাজ নেই আমরা শুধু তাদের ৯টার মধ্যে হলে ফেরার কথা বলেছি।

অন্যদিকে ছাত্রীরা অভিযোগ করেছেন, প্রভোস্ট তাদের এই আন্দোলনকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন। তিনি বলেছেন, ছাত্রীদের রাত ৯টার মধ্যে হলে ফিরতেই হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এই নিয়ে ছাত্রছাত্রী এবং শিক্ষকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একজন শিক্ষক বলেন, ছাত্ররা যদি রাত ১০টা পর্যন্ত হলের বাইরে থাকতে পারে মেয়েরা কেন পারবে না। বিশ্ববিদ্যালয় হল শিক্ষার জায়গা। এখানে একটি মেয়েরও যে অধিকার একটি ছেলেরও সেই অধিকার সুতরাং মেয়েরা পারবে না, ছেলেরা পারবে এটা কোনো যুক্তি হতে পারে না।

মৈত্রী হলের একজন ছাত্রী নাম প্রকাশ না করার শর্তে বলেন, আমরা মেয়ে বলে আমাদের দাবিয়ে রাখার চেষ্টা করা হচ্ছে। যে মুহূর্তে আমাদের আরো একধাপ এগিয়ে যাওয়ার কথা সেই মুহূর্তে কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত আমাদেরকে পেছনে ফেলে রাখার চিন্তা ছাড়া আর কিছুই না। হলের ছাত্রীরা জানিয়েছে আমরা কর্তৃপক্ষের এই বৈষম্যমূলক সিদ্ধান্ত কিছুতেই মেনে নেবো না।